

...
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, সিলেট
<http://food.sylhetdiv.gov.bd>
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.২৫০.৩২.০০৬.১৯.১২৫৯

তারিখ: ১৬ আষাঢ়.১৪২৯

৩০ জুন ২০২২

বিষয়: ৩০/০৬/২০২২খি. তারিখের সিলেট বিভাগে বন্যাক্রান্ত এল.এস.ডিসমূহের তথ্যাদি প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: ক। চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা মহোদয়ের ২০/০৬/২০২২খি. তারিখের ৬৩৭নং স্মারক।
খ। বিভাগীয় কমিশনার, সিলেট মহোদয়ের ২৯/০৬/২০২২খি. তারিখের ২৯৮নং স্মারক।
গ। জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, সিলেট ৩০/০৬/২০২২খি. তারিখের ২৫১৮নং, মৌলভীবাজার এর ৩০/০৬/২০২২খি. তারিখের ১৭৬৩নং, হবিগঞ্জ এর ৩০/০৬/২০২২খি. তারিখের ২২৬নং ও সুনামগঞ্জ এর ৩০/০৬/২০২২খি. তারিখের ১২৩১নং স্মারক।

উপর্যুক্ত বিষয়ে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সূত্রস্থ 'গ' স্মারক মূলে প্রাপ্ত তথ্য মতে ভারী বৃষ্টিপাত, পাহাড়ী ঢল, উজানের পানি ইত্যাদি কারণে সুরমা ও কুশিয়ার নদীর পানি বৃদ্ধি পেয়ে বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত হওয়ায় সিলেট ও সুনামগঞ্জ জেলা বন্যায় প্লাবিত হয়েছে। সিলেট ও সুনামগঞ্জ জেলার খাদ্য গুদাম সমূহের রক্ষিত খাদ্যশস্য/ অন্যান্য মালামাল এবং অফিসের রেকর্ড পত্রাদি যাতে নষ্ট / ক্ষতিগ্রস্ত না হয় সেদিকে তীক্ষ্ণ দৃষ্টি রাখাসহ এল.এস.ডি.র গুদামসমূহে পানিরোধক দেওয়াল (Baffle Wall) তৈরী করা হয়েছে এবং কর্মকর্তা/ কর্মচারীদের সার্বক্ষণিক কর্মস্থলে উপস্থিত থাকা ও নিরাপত্তা সুরক্ষা নিশ্চিত করা হয়েছে। বন্যাক্রান্ত এল.এস.ডিসমূহের বর্তমান পরিস্থিতির তথ্যাদি সদয় অবগতির জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

জেলাঃ সিলেট।

ক্র: নং	বিভাগের নাম	জেলার নাম	বন্যা প্রবণ এলএসডি নাম	এলএসডি'র মোট মজুত ও খামাল সংখ্যা	বন্যার বর্তমান অবস্থা	সরকারি সম্পদ রক্ষার্থে গৃহীত ব্যবস্থা
১	সিলেট	সিলেট	সিলেট সদর	চালের খামাল=১৪৮টি মোট চাল=১৪৭৩.০০০ গমের খামাল=৫টি মোট গম=৩১১.০০০ ধানের খামাল=১টি মোট ধান=২১.০০০	গুদাম আজিনা থেকে পানি নেমে গেছে।	জেলা খাদ্য নিয়ন্ত্রক জানান যে, সিলেট সদর খাদ্য গুদামে ৭টি গুদামের মধ্যে ৪টি গুদামে বন্যা আক্রান্ত হয়। ১টি গুদামে ফায়ার সার্ভিস এবং অপর ৩টি গুদামে খাদ্য বিভাগের নিজস্ব লোকবল দিয়ে দিন রাত মেশিনের সাহায্যে গুদামের অভ্যন্তরে জমে যাওয়া পানি নিষ্কাশন করা হয়েছে। বন্যার পানি কমার সাথে সাথে পুনঃ খামাল করে ১০.৫০০মেঃটন আক্রান্ত চাল আলাদা করে শুকানো/রি-ব্যাগিং বিলি করা হয়েছে। আক্রান্ত ২২.৮৫০ মেঃটন গম আলাদা করে শুকিয়ে বিলি করা হয়েছে। এছাড়া বন্যা পরবর্তী ক্ষয়ক্ষতি নির্ধারণের জন্য তিন সদস্য বিশিষ্ট কমিটির গঠন করা হয়েছে।
২	ঐ	ঐ	গোয়াইনঘাট	খামাল সংখ্যা-০৫টি চাল-২১৪.০০০ এবং ধান-১৩০.০০০	গুদাম আজিনা থেকে পানি নেমে গেছে।	জেলা খাদ্য নিয়ন্ত্রক জানান যে, খাদ্য বিভাগের নিজস্ব লোকবল দিয়ে দিন রাত মেশিনের সাহায্যে গুদামের অভ্যন্তরে জমে যাওয়া পানি নিষ্কাশন করা হয়েছে। গোয়াইনঘাট খাদ্য গুদামে ৩টি খামাল পুনঃ গঠন করা হয়েছে। আক্রান্ত ২৪.৮৫০ মেঃটন চাল আলাদা করে শুকিয়ে অগ্রাধিকার ভিত্তিতে বিলি করা হয়েছে। আক্রান্ত ৬.৪৮০ মেঃটন ধান ছাটাইয়ের জন্য মিলের অনুকূলে বরাদ্দ প্রদান প্রক্রিয়া চলমান আছে। এছাড়া বন্যা পরবর্তী ক্ষয়ক্ষতি নির্ধারণের জন্য তিন সদস্য বিশিষ্ট কমিটির গঠন করা হয়েছে।

৩	ঐ	ঐ	কোম্পানীগঞ্জ	চালের খামাল=৩টি মোট চাল=২১৩.১৭৮ ধানের খামাল=৪টি মোট ধান=২৮২.০০	গুদাম আজিনা থেকে পানি নেমে গেছে।	জেলা খাদ্য নিয়ন্ত্রক জানান যে, খাদ্য বিভাগের নিজস্ব লোকবল দিয়ে দিন রাত মেশিনের সাহায্যে গুদামের অভ্যন্তরে জমে যাওয়া পানি নিষ্কাশন করা হয়েছে। আক্রান্ত চাল ফ্যানিং করে শুকিয়ে ১২.৯০০ মেঃটন বিতরণ করা হয়েছে। অবশিষ্ট ৩ মেঃটন চাল বিতরণের জন্য অপেক্ষমান রয়েছে। এছাড়া আক্রান্ত ১৪.০৮০ মেঃটন ধান ছাটাইয়ের জন্য ৩টি মিলের মাধ্যমে বরাদ্দ প্রদানের জন্য অপেক্ষমান আছে। এছাড়া বন্যা পরবর্তী ক্ষয়ক্ষতি নির্ধারণের জন্য তিন সদস্য বিশিষ্ট কমিটির গঠন করা হয়েছে।
৪	ঐ	ঐ	বিশ্বনাথ	চালের খামাল=৩টি মোট চাল=২১৩.০০০ ধানের খামাল=৪টি মোট ধান=২৮৬.০০	গুদাম আজিনা থেকে পানি নেমে গেছে।	বাহেলো ওয়াল নির্মাণ করা হয়েছে। সেচ যন্ত্র প্রস্তুত আছে।
৫	ঐ	ঐ	বালাগঞ্জ	চালের খামাল=৭টি মোট চাল= ৪১১.০০০ ধানের খামাল=৬টি মোট ধান=৪৮৩.০০০	গুদাম আজিনায় প্রায় ১ ফুট পানি আছে। ধীর গতিতে বন্যার পানি কমছে।	জেলা খাদ্য নিয়ন্ত্রক জানান যে, বাহেলো ওয়াল নির্মাণ করা হয়েছে। নিজস্ব জনবল দ্বারা গুদামের ভিতরের পানি সেচযন্ত্র দ্বারা পানি নিষ্কাশন করা হচ্ছে। সম্ভাব্য ক্ষতির পরিমাণ ৩৭৫ বস্তা=১৫.০০০ মে.টন। খামাল পুনঃগঠন করে বন্যাক্রান্ত খামালের নিচের লেয়ারের ধান আলাদা করার জন্য নির্দেশ প্রদান করা হয়েছে। এছাড়া বন্যা পরবর্তী ক্ষয়ক্ষতি নির্ধারণের জন্য তিন সদস্য বিশিষ্ট কমিটির গঠন করা হয়েছে।
৬	ঐ	ঐ	গোলাপগঞ্জ	চালের খামাল=৬টি মোট চাল=৬২৬.২২৮ গমের খামাল= ১টি মোট গম=৭.৬৩৪ ধানের খামাল=২টি মোট ধান=১৩২.৪৮০	গুদাম আজিনায় পানি শুকিয়ে গেছে।	বাহেলো ওয়াল নির্মাণ করা হয়েছে। সেচ যন্ত্র প্রস্তুত আছে।
৭	ঐ	ঐ	কানাইঘাট	চালের খামাল=১২টি মোট চাল=১১০০ ধানের খামাল=২টি মোট ধান=৯৩.০০০	গুদাম আজিনা হতে পানি নেমে গেছে।	বাহেলো ওয়াল নির্মাণ করা হয়েছে। সেচ যন্ত্র প্রস্তুত আছে।

জেলাঃ সুনামগঞ্জ।

ক্রঃ নং	বিভাগের নাম	জেলার নাম	বন্যা প্রবণ এলএসডি'র নাম	খাদ্য শস্যের মজুত ও খামাল সংখ্যা	বন্যার বর্তমান অবস্থা	গৃহীত ব্যবস্থা
১	২	৩	৪		৫	৬

১	সিলেট	সুনামগঞ্জ	মল্লিকপুর	চাল-৫৭৮৬মে.টন গম-১ মে.টন ধান-৭৮ মে.টন	জেলা খাদ্য নিয়ন্ত্রক জানান যে, হঠাৎ করে দুত তিন ফুট পানি বৃদ্ধি পেয়ে উক্ত এলএসডি ৮টি গুদামে নির্মাণকৃত বাফেল ওয়ালের উপর দিয়ে এবং দেয়াল চুয়ে গুদামের ভিতর পানি প্রবেশ করে কোন গুদামে ১ম লেয়ার ও ২য় লেয়ার আংশিক পানিতে ভিজে গেছে। নিজস্ব সেচ যন্ত্রসহ বিভিন্ন জিনিসের মাধ্যমে পানি নিষ্কাশন করা হয়েছে। ইতোমধ্যে বন্যা আক্রান্ত চালের ২০টি এবং ধানের ২টি খামাল পুনঃখালামজাত করা হয়েছে। কমিটি কর্তৃক বিগত ২২/০৬/২০২২ খ্রিস্টাব্দ তারিখে বন্যার পানিতে সম্ভাব্য ক্ষয় ক্ষতির প্রতিবেদন দাখিল করেছেন। কমিটি প্রতিবেদনে ২৮৬.৯৮২ মেঃটন চাল এবং ২৮.৮০০ মেঃটন ধানসহ সর্বমোট ৩১৫.৭৮২ মেঃটন খাদ্যশস্য ক্ষতি সাধন হয়েছে মর্মে উল্লেখ করেছেন। বর্তমানে এলএসডি প্রাঙ্গনে বন্যার পানি নাই।	১। প্রতিটি গুদামে পানিরোধক দেওয়াল (Baffle Wall) নির্মাণ করা হয়েছে। ২। বন্যার পানি সেচের জন্য সেচপাম্পের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।
২			দোয়ারাবাজার	চাল- ৯৩৯মে.টন ধান-৪০৮ মে.টন	জেলা খাদ্য নিয়ন্ত্রক জানান যে, হঠাৎ করে দুত তিন ফুট পানি বৃদ্ধি পেয়ে উক্ত এলএসডি ২টি গুদামে নির্মাণকৃত বাফেল ওয়ালের উপর দিয়ে এবং দেয়াল চুয়ে গুদামের ভিতর পানি প্রবেশ করে কোন গুদামে ১ম লেয়ার ও ২য় লেয়ার আংশিক পানিতে ভিজে গেছে। নিজস্ব সেচ যন্ত্রসহ বিভিন্ন জিনিসের মাধ্যমে পানি নিষ্কাশন করা হয়েছে। ইতোমধ্যে বন্যা আক্রান্ত চাল-৪টি এবং ধান-৩ টি খামাল পুনঃখালামজাত করা হয়েছে। কমিটি কর্তৃক বিগত ২৩/০৬/২০২২ খ্রিস্টাব্দ তারিখে বন্যার পানিতে সম্ভাব্য ক্ষয় ক্ষতির প্রতিবেদন দাখিল করেছেন। কমিটি প্রতিবেদনে ১৯.৮০০ মেঃটন চাল এবং ২৪.০০০ মেঃটন ধানসহ সর্বমোট ৪৩.৮০০ মেঃটন খাদ্যশস্য ক্ষতি সাধন হয়েছে। বর্তমানে এলএসডি প্রাঙ্গনে বন্যার পানি নাই।	৩। স্থানীয় প্রশাসনের সহিত যোগাযোগ অব্যাহত আছে। ৪। স্ব স্ব উপজেলার ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর সহিত যোগাযোগ অব্যাহত আছে।
৩			ছাতক	চাল- ১৫৫৮ মে.টন ধান-১৪৭ মে.টন	জেলা খাদ্য নিয়ন্ত্রক জানান যে, হঠাৎ করে দুত তিন ফুট পানি বৃদ্ধি পেয়ে উক্ত এলএসডি ৫টি গুদামে নির্মাণকৃত বাফেল ওয়ালের উপর দিয়ে এবং দেয়াল চুয়ে গুদামের ভিতর পানি প্রবেশ করে কোন গুদামে ১ম লেয়ার ও ২য় লেয়ার আংশিক পানিতে ভিজে গেছে। নিজস্ব সেচ যন্ত্রসহ বিভিন্ন জিনিসের মাধ্যমে পানি নিষ্কাশন করা হয়েছে। ইতোমধ্যে বন্যা আক্রান্ত চাল-১৩টি ও ধান-২ টি খামাল পুনঃখালামজাত করা হয়েছে। কমিটি কর্তৃক বিগত ২২/০৬/২০২২ খ্রিস্টাব্দ তারিখে ২০৯ নং স্মারকে তদন্ত প্রতিবেদন দাখিল করেন যে, বন্যার পানিতে সম্ভাব্য ক্ষয় ক্ষতির প্রতিবেদন দাখিল করেছেন। বন্যার পানিতে সম্ভাব্য চাল-১২৪.১৭০ মেঃটন এবং ধান-৯.৩৬০ মেঃটন সর্বমোট ১৩৩.৫৩০ মে.টন খাদ্যশস্য ক্ষতি সাধন হয়েছে। বর্তমানে এলএসডি প্রাঙ্গনে বন্যার পানি নাই।	
			দিরাই	চাল- ২২৩ মে.টন ধান- ২৪৩ মে.টন	জেলা খাদ্য নিয়ন্ত্রক জানান যে, হঠাৎ করে দুত তিন ফুট পানি বৃদ্ধি পেয়ে উক্ত এলএসডি ১টি গুদামে নির্মাণকৃত বাফেল ওয়ালের উপর দিয়ে এবং দেয়াল চুয়ে গুদামের ভিতর পানি প্রবেশ করে কোন গুদামে ১ম লেয়ার ও ২য় লেয়ার আংশিক পানিতে ভিজে গেছে। নিজস্ব সেচ যন্ত্রসহ বিভিন্ন জিনিসের মাধ্যমে পানি নিষ্কাশন করা হয়েছে। ইতোমধ্যে বন্যা আক্রান্ত ৬ টি খামাল পুনঃখালামজাত করা হয়েছে। বন্যার পানিতে সম্ভাব্য চাল-৪৫.৫২০ মেঃটন খাদ্যশস্য ক্ষতি সাধন হয়েছে। বর্তমানে এলএসডি প্রাঙ্গনে বন্যার পানি নাই।	

8			ধর্মপাশা	চাল- ১৬৯ মে.টন ধান- ২২৬ মে.টন	জেলা খাদ্য নিয়ন্ত্রক জানান যে, হঠাৎ করে দুত তিন ফুট পানি বৃদ্ধি পেয়ে উক্ত এলএসডি ১টি গুদামে নির্মাণকৃত বাফেল ওয়ালের উপর দিয়ে এবং দেয়াল চুয়ে গুদামের ভিতর পানি প্রবেশ গুদামে ১টি করে লেয়ার পানিতে ভিজে গেছে। নিজস্ব সেচ যন্ত্রসহ বিভিন্ন জিনিসের মাধ্যমে পানি নিষ্কাশন করা হয়েছে। ২৩/০৬/২০২২ খ্রিস্টাব্দ তারিখের ২৪০নং স্মারকে জানান যে, ধর্মপাশা এলএলডির গুদামে পানি প্রবেশ করলেও গুদামে রক্ষিত খাদ্যশস্যের কোন ক্ষতি হয় নাই। বর্তমানে এলএসডি প্রাঙ্গনে বন্যার পানি নাই।
৫			বিশ্বম্ভরপুর	চাল-৯মে.টন ধান- ১৪১ মে.টন	জেলা খাদ্য নিয়ন্ত্রক জানান যে, হঠাৎ করে দুত তিন ফুট পানি বৃদ্ধি পেয়ে উক্ত এলএসডি ১টি গুদামে নির্মাণকৃত বাফেল ওয়ালের উপর দিয়ে এবং দেয়াল চুয়ে গুদামের ভিতর পানি প্রবেশ করে কোন গুদামে ১ম লেয়ার ও ২য় লেয়ার আংশিক পানিতে ভিজে গেছে। নিজস্ব সেচ যন্ত্রসহ বিভিন্ন জিনিসের মাধ্যমে পানি নিষ্কাশন করা হয়েছে। ইতোমধ্যে বন্যা আক্রান্ত চাল-২টি এবং ধান-২ টি খামাল পুনঃখালামজাত করা হয়েছে। কমিটি কর্তৃক বিগত ২৩/০৬/২০২২ খ্রিস্টাব্দ তারিখে ১৮৩ নং স্মারকে তদন্ত প্রতিবেদন জানান যে, ৮.৬৫০ মেঃটন চাল ধান-২৮.৮০০ মেঃটন সর্বমোট ৩৭.৪৫০ মেঃটন খাদ্যশস্য ক্ষতি সাধন হয়েছে। বর্তমানে এলএসডি প্রাঙ্গনে বন্যার পানি নাই।

জেলাঃ মৌলভীবাজার।

ক্র: নং	বিভাগের নাম	জেলার নাম	বন্যা প্রবণ এলএসডি নাম	এলএসডির মোট মজুত ও খামাল সংখ্যা	বন্যার বর্তমান অবস্থা	সরকারি সম্পদ রক্ষার্থে গৃহীত ব্যবস্থা
০১	সিলেট	মৌলভীবাজার	কুলাউড়া	মজুত ১১৮৯ মে.টন এবং খামাল সংখ্যা ১৫ টি	জেলার কিছু কিছু এলাকা বন্যার পানিতে প্লাবিত হলেও অত্র মৌলভীবাজার জেলার এলএসডিসমূহ বন্যাক্রান্ত হয়নি। শুধুমাত্র কুলাউড়া এলএসডি এর ৩ নং গুদাম প্রাঙ্গনে পানি প্রবেশ করেছে। বর্তমানে পানি কমতে শুরু করেছে।	জেলা খাদ্য নিয়ন্ত্রক জানান যে, সরকারি সম্পদ তথা গুদামের খাদ্যশস্য/দ্রব্যাদি রক্ষার্থে ইতোমধ্যে জেলাস্থ প্রতিটি এলএসডি এর গুদামসমূহে বাফ্যাল ওয়াল নির্মাণ করা হয়েছে। এছাড়া অত্র জেলার সংশ্লিষ্ট উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে সার্বক্ষণিক কর্মস্বলে অবস্থান করে যেকোন পরিস্থিতি মোকাবেলা করাসহ স্থানীয় প্রশাসনের সার্বিক সহযোগিতা নিয়ে প্রস্তুত থাকার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।

জেলাঃ হবিগঞ্জ।

ক্রমিক নং	বিভাগের নাম	জেলার নাম	বন্যা প্লাবিত এলাকার নাম		খাদ্যশস্যের মজুত ও খামাল সংখ্যা	বন্যার বর্তমান অবস্থা	সরকারি সম্পদ রক্ষার্থে গৃহীত ব্যবস্থা	
			উপজেলা	এলএসডি				
০১	সিলেট	হবিগঞ্জ	হবিগঞ্জ সদর	হবিগঞ্জ সদর	৩১৭৯ মে.টন খামাল-৩৩টি	উল্লেখিত উপজেলাসমূহের নিম্নাঞ্চল প্লাবিত রয়েছে।	সরকারী সম্পদ রক্ষার্থে ইতোমধ্যে প্রতিটি এল.এস.ডিতে বাফেলো ওয়াল নির্মাণ করা হয়েছে।	
০২			লাখাই	লাখাই	২৩৪২ মে.টন খামাল-২৬টি			
০৩			মাধবপুর	মাধবপুর				১০৪৫ মে.টন খামাল-১১টি
০৪				নয়াপাড়া				১৪৪৮ মে.টন খামাল-১৮টি
০৫			নবীগঞ্জ	নবীগঞ্জ				৭৩৭ মে.টন খামাল- ১০টি
০৬			বানিয়াচং	বানিয়াচং				১৮৫৮ মে.টন খামাল- ২৪টি
০৭				মার্কুলি				২৫৭ মে.টন খামাল- ০৫টি

০৮		আজমিরিগঞ্জ	আজমিরিগঞ্জ	১৯৮৬ মে.টন খামাল- ২১ টি	
----	--	------------	------------	-------------------------	--



১-৭-২০২২

মোঃ মাইন উদ্দিন

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক

ফোন: ০৮২১-৮৪০৮৩৬

ফ্যাক্স: ০২৯৯৬৬৪৩৪৬১

ইমেইল: rcf.slt@dgfood.gov.bd

মহাপরিচালক (গ্রেড-১)

মহাপরিচালকের দপ্তর

খাদ্য অধিদপ্তর

দৃষ্টি আকর্ষণঃ পরিচালক (চলতি দায়িত্ব), চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.২৫০.৩২.০০৬.১৯.১২৫৯/১(৮)

তারিখ: ১৬ আষাঢ়.১৪২৯

৩০ জুন ২০২২

সদয় অবগতি/ অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর

২) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।

৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। ইহা মাননীয় সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।

৪) মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। ইহা মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।

৫) জেলা খাদ্য নিয়ন্ত্রক, সিলেট/মৌলভীবাজার/সুনামগঞ্জ/হবিগঞ্জ।



১-৭-২০২২

মোঃ মাইন উদ্দিন

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক